দৈনিক
ইত্তেফাক

তারিখ . 27 DEC 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# এবার এমপিওভুক্তির দাবিতে আন্দোলনে শিক্ষকরা

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের অনশন কর্মসূচির পর এবার আন্দোলনে নেমেছেন ননএমপিও শিক্ষক-কর্মচারিরা। এমপিওভুক্তির দাবিতে ননএমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশনের ব্যানারে গতকাল মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে তারা অবস্থান কর্মসূচি পালন করেন।

শিক্ষকরা জানান, দীর্ঘ ১০ থেকে ১৫ বছর ধরে তারা বিনাবেতনে শিক্ষা কার্যক্রম চালিয়ে আসছেন। দীর্ঘদিন বেতন না পেয়ে তারা মানবেতর জীবন যাপন করছেন। তাই কোনো উপায় না পেয়ে তারা রাজপথে নেমে এসেছেন।

ফেডারেশনের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যক্ষ গোলাম মাহমুদুন্নবী ডলার বলেন, সরকার কর্তৃক স্বীকৃত ননএমপিও স্কুল, কলেজ ও মাদ্রাসার সংখ্যা এখন পাঁচ হাজার ২৪২টি। এতে ৮০ হাজারের মতো শিক্ষক-কর্মচারি চাকরি করছেন। যাদের বেশিরভাগই বিনাবেতনে চাকরি করছেন। কিন্তু এ অবস্থায় মানসম্পন্ন শিক্ষাদান কার্যক্রম চালানো অসম্ভব হয়ে পড়েছে। তাই আমরা অবস্থান কর্মসূচি শুরু করেছি। আপাতত তা চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছি। তবে নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা করে পরবর্তীতে এই আন্দোলন অনশনেও রূপ নিতে পারে।

নাটোর জেলার শিক্ষক লোকমান হাকিম বলেন, সকাল ৮টা থেকে আমরা এখানে অবস্থান নিয়েছি। এমপিওভুক্তির ঘোষণা না আসা পর্যন্ত আমরা এখানেই থাকবো। কারণ দীর্ঘদিন ধরে আমরা বিনাবেতনে চাকরি করে আসছি। এখন আর পারছি না। আমাদেরও তো সংসার আছে। দেয়ালে পিঠ ঠেকে গেছে আমাদের। ঘোষণা না আসা পর্যন্ত আমরা নড়বো না। এমনকি ১ জানুয়ারি সারাদেশে বই উৎসবেও অংশ নেবো না।

সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ ড. বিনয় ভূষন রায় বলেন, আমরা যেসব প্রতিষ্ঠানে শিক্ষকতা করছি সেখান থেকে শিক্ষার্থীরা সুনামের সঙ্গে জেএসসি, এসএসসি ও এইচএসসির মতো পরীক্ষায় সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হচ্ছে। কিন্তু সরকারের এসব প্রতিষ্ঠানের শিক্ষকদের দিকে কোনো খেয়াল নেই। আমরা এর আগেও নানা ধরনের কর্মসূচি পালন করেছি। কিন্তু সরকারের পক্ষ থেকে কোনো সাড়া পাইনি।